

ঢাকা ওয়াসা

- ০১) ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।
০২) বাংলা একাডেমি হতে প্রাপ্ত পত্র।
০৩) পূর্বানুমোদিত নোটের কপি।

বিষয়ঃ- বাংলা একাডেমি আয়োজিত “ অমর একুশে বইমেলা ও অনুষ্ঠানমালা-২০২৫ ইং ” উপলক্ষ্যে মেলা প্রাঙ্গনে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয় ও আনুসঙ্গিক কাজের অনুমোদন প্রসঙ্গে | [Lot-2]

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলা একাডেমি কর্তৃক ১ লা ফেব্রুয়ারি ২০২৫ ইং তারিখ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ইং পর্যন্ত “ অমর একুশে বইমেলা ও অনুষ্ঠানমালা ২০২৫ ” আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস প্রধান অতিথি হিসেবে শ্রুত উদ্বোধন ঘোষণা করেছেন, যা বাংলা একাডেমি, ঢাকা হতে প্রাপ্ত পত্রের মাধ্যমে জানা গিয়েছে (সংক্রঃনং-২)। উক্ত চিঠির প্রেক্ষিতে বাংলা একাডেমি ও মেলাপ্রাঙ্গণে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করার লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করা প্রয়োজন। ঢাকা ওয়াসার এস. ও. সি বিভাগ প্রতি বছরের ন্যায় এবারও মেলা প্রাঙ্গণের প্রায় ২০ টি স্পটে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা হবে। তাই পূর্বানুমোদিত দরের ভিত্তিতে (সংক্রঃনং-৩) আলোচ্য কাজের ব্যয় নিম্নে উল্লেখ করা হলোঃ

ক) বাংলা একাডেমি ও মেলাপ্রাঙ্গণে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করার লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল (যেমন-এলবো, গেইটভাল্ব, নিপেল, ইউনিয়ন সকেট, পাইপ, আর সকেট, থ্রেড টেপ, বুশ, রশি, আলতারা, স্ক্রু, তালা-চাবি, মগ) ইত্যাদি বাবদ খরচঃ- ১* ১৬,৫০০ = ১৬,৫০০/-

খ) ওয়াসার মনোগ্রাম সহ ব্যানারঃ- ১০ * ৭৫০ = ৭,৫০০.০০/-

মোট= ২৪,০০০/-

কথায়ঃ (চব্বিশ হাজার) টাকা মাত্র।

০২। উক্ত কাজের ব্যয় ভার অত্র বিভাগের ২০২৩ - ২০২৪ ইং অর্থ বছরের সংশোধিত এবং ২০২৪ - ২০২৫ ইং অর্থ বছরের প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় “অফিস রক্ষণাবেক্ষণ” কোড নং-০১-০২-০১২ খাত হতে নির্বাহ করা হবে (সংক্রঃনং-১)।

০৩। এমতাবস্থায়, পিপিআর ২০০৮ এর বিধি ৮১ এর উপবিধি (১) অনুযায়ী পণ্য হিসাবে সরাসরি ক্রয় পদ্ধতিতে অস্থায়ী অগ্রীম হিসেবে আলোচ্য কাজের ব্যয় বাবদ সর্বমোট= ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা মাত্র প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অনুমোদনের জন্য প্রেরণ করা হল।

২৪.০২.২৫
মোঃ শফিকুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এস. ও. সি বিভাগ
ঢাকা ওয়াসা

২৫.০২.২৫
মোঃ আইয়ুব খান
উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা।

২৭.০২.২৫
সাদ্দাম হোসেন
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
এস ও সি বিভাগ
ঢাকা ওয়াসা

০২.০৩.২৫
মোঃ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ. সি সার্কেল,
ঢাকা ওয়াসা।

০৪
০৫

১২/০৩
২০২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।